



মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, গুয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৮১৯৪

তারিখ: ১২ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ  
২৫ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ


**অফিস আদেশ**

দারুল কুরআন সিদ্দিকীয়া কামিল মাদরাসা, ০৩/১ হাজী ইসমাইল রোড, ডাকঘর: খুলনা, উপজেলা: খুলনা সদর, জেলা: খুলনা (DARUL QURAN SIDDIKIA KAMIL MADRASAH, CODE-19394, EIIN-117421)-এর কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১২.১০.২০১৯ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অনুসৃত অর্ডিন্যান্সের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২০ খ্রি. থেকে ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

**শর্তসমূহ :**

- ১। সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করত: উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ২। প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয়ের হিসাব যথাসময়ে মূল রেজিস্ট্রারে লিপিবদ্ধ করত: সকল লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে এবং সকল ব্যয়ে গভর্নিং বডি'র অনুমোদন থাকতে হবে।
- ৩। শিক্ষার মানোন্নয়নে সরকার গৃহীত সকল কার্যক্রম সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানসহ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের সচেতন হতে হবে।
- ৪। বিভিন্ন শিক্ষামূলক বিষয়ের উপর গবেষণাধর্মী সেমিনারের আয়োজন করতে হবে।
- ৫। শিক্ষক ও শিক্ষার্থীদের আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিষয়ে পর্যায়ক্রমে প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
- ৬। বাংলার পাশাপাশি শিক্ষার্থীদেরকে আরবি ও ইংরেজিতে আরো দক্ষ করে গড়ে তুলতে হবে।
- ৭। লাইব্রেরীতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করে নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে সকল বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
- ৮। ছাত্রীদের জন্য পৃথক কমনরুম ও টয়লেটের ব্যবস্থা করতে হবে।
- ৯। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়সহ মাদরাসা সংশ্লিষ্ট সকল ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে।
- ১০। মাদরাসার সাইবোর্ডে আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
- ১১। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

  
25.02.2020

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

**অধ্যক্ষ**

দারুল কুরআন সিদ্দিকীয়া কামিল মাদরাসা


০৩/১ হাজী ইসমাইল রোড, ডাকঘর: খুলনা, উপজেলা: খুলনা সদর, জেলা: খুলনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৮১৯৪

তারিখ: ১২ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ  
২৫ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :**

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, দারুল কুরআন সিদ্দিকীয়া কামিল মাদরাসা, ০৩/১ হাজী ইসমাইল রোড, ডাকঘর: খুলনা, উপজেলা: খুলনা সদর, জেলা: খুলনা।
- ৭। অফিস নথি।

  
25.02.2020

(মুহাম্মদ মাহফিজুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৬৩৩-১৩৮২৭৩

অধি/নবায়ন/ফাইল নং- খুলনা-১৯